মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-৪৫.০২.০০০০.০১০.১৮.০০২.২২-১৩৪৩ | তারিখ ঃ ২২/১২/২০২২

**বিষয় ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২২/১২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ২য় সভার কার্যবিবরণী-০৪(চার) পাতা।

২২/১২/২০২২
(মোঃ আব্দুল হামিদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি

কার্যক্রমঃ সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) ও লাইন ডাইরেক্টর (ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। উপ-প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল ১/২/৩/৪/৫/৬/৭/৮।
৬। পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (পিএম-১/পিএম-২/তড়িৎ-প্রকল্প ব্যবস্থাপনা), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী (সকল), এইচইডি, ........................................... বিভাগ।
৯। সহকারী পরিচালক (অর্থ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। সহকারী পরিচালক (প্রশাসন), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

## স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি<br>প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২২/১২/২০২২ খ্রিঃ, সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত করা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়কে বিষয়বস্তু নিয়ে আলোচনার জন্য অনুরোধ জানান। জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ), এইচইডি জানান যে, গত ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। ১ম সভার গৃহিত সিদ্ধান্তসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী আলোচনা ও অগ্রগতি নিম্নে উল্লেখ করা হলোঃ

**২.১ প্রাতিষ্ঠানিক ব্যবস্থাঃ**

(ক) **নৈতিকতা কমিটির সভা আয়োজনঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতি কোয়ার্টারে ১টি করে নৈতিকতা কমিটির মোট ৪ টি সভা অনুষ্ঠিত হবে। গত ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে নৈতিকতা কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ২২/১২/২০২২ খ্রিঃ তারিখে ২য় সভা অনুষ্ঠিত হচ্ছে।

(খ) **নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ** নৈতিকতা কমিটির সভার গৃহিত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করতে হবে।

(গ) **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভাঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরে অংশীজনের অংশগ্রহনে ২টি সভা আয়োজন করতে হবে। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অংশীজন বা Stakeholders হচ্ছে স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, নিপোর্ট, কমিউনিটি বেজ্‌ড হেল্‌থ কেয়ার ইত্যাদি। সভায় জানানো হয় যে, এ সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে আগামী সপ্তাহে সভা আয়োজন করা হবে।

(ঘ) **শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনঃ** কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ন্যূনতম ২টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সভায় জানানো হয় যে, প্রশিক্ষন প্রদানের কর্মপরিকল্পনা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় থেকে অনুমোদন পাওয়া গেলে প্রশিক্ষণ প্রদান করা হবে।

(ঙ) **কর্ম পরিবেশ উন্নয়নঃ** বর্তমানে বিরাজমান কোভিড পরিস্থিতিতে স্ব স্ব কার্যালয়ে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম যেমনঃ স্বাস্থ্যবিধি অনুসরণ, টিওএন্ডই ভূক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ, নথি বিনষ্টকরণ, পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি গ্রহন করতে হবে। সভায় জানানো হয় যে, স্বাস্থ্য বিধি অনুসরন করে অফিস কার্যক্রম চালু রয়েছে। ইতোমধ্যে নথি বিনষ্টকরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া অফিস প্রাঙ্গনের সৌন্দর্য বৃদ্ধিকরণ করা হয়েছে।

(চ) **আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানঃ** মাঠ পর্যায়ের কার্যালয় থেকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। প্রতিবেদন প্রাপ্তির পর ফিডব্যাক সভা/কর্মশালার আয়োজন করতে হবে।

২.২ আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নঃ

(ক) **২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশঃ** স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের চলতি ২০২২-২০২৩ অর্থবছরের উন্নয়ন বাজেটর ক্রয় পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

(খ) **অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নঃ** চলতি ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

(গ) **বাজেট বাস্তবায়নঃ** কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে বাজেটের ১০% বাস্তবায়ন করতে হবে। অদ্যবদি বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বাজেট ১০.৪১% বাস্তবায়িত হয়েছে।

(ঘ) **প্রকল্পের PIC সভা আয়োজনঃ** চলতি ২০২২-২০২৩ অর্থবছরের Project Implementation Committtee (PIC) এর ০২টি সভা আয়োজন করতে হবে। মন্ত্রণালয় কর্তৃক এ সভা অনুষ্ঠান আয়োজন করতে হবে।

(ঙ) **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করাঃ** চলমান প্রকল্প কাজের কোন প্রকল্প পরিচালক এইচইডি'র নেই। তাই প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ হস্তান্তরের বিষয়ে এইচইডি'র কোন সম্পৃক্ততা নেই।

২.৩ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমঃ

(ক) **সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণঃ** স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ করতে হবে। এতৎসংক্রান্ত প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে।

(খ) **আউটসোর্সিং এর বেতন শতভাগ একাউন্ট পে নিশ্চিতকরণঃ** এইচইডি'তে নিয়োজিত আউটসোর্সিং কর্মচারীদের বেতন শতভাগ একাউন্ট পে এর মাধ্যমে প্রদান করা হচ্ছে।

(গ) **মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনঃ** চলতি ২০২২-২০২৩ অর্থবছরে এইচইডি'র উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক মোট ০৮ (আট) বার মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন করতে হবে এবং অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।

(ঘ) **বিভিন্ন সভায় দুর্নীতি বিরোধী আলোচনাঃ** এইচইডি প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত মাসিক সভা, প্রশিক্ষণ, ওয়ার্কশপ ইত্যাদি অনুষ্ঠানে প্রধান প্রকৌশলী মহোদয় নিয়মিতভাবে দুর্নীতি বিরোধী আলোচনা ও দিক-নির্দেশনা প্রদান করছেন ।

**৩। সভার এতৎসংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

**গৃহিত সিদ্ধান্তসমূহঃ**

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে আগামী সপ্তাহে ১টি সভা আয়োজন করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) |
| ৩.২ | মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতির উপর আগামী জানুয়ারী'২৩ মাসে ফিডব্যাক সভা আয়োজন করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) |
| ৩.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে বাজেট বাস্তবায়নের অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (প্রকল্প ব্যবস্থাপনা-১)<br>ও<br>নির্বাহী প্রকৌশলী (প্রকল্প ব্যবস্থাপনা-২) |
| ৩.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষনের আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ)<br>ও<br>নির্বাহী প্রকৌশলী (তড়িৎ-প্রকল্প ব্যবস্থাপনা) |
| ৩.৫ | মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন করে এতৎসংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>ও<br>উপ প্রধান স্থপতি |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/08/22

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর প্রধান কার্যালয়ের সভা কক্ষে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা ঃ

সভার তারিখ : ২২/১২/২০২২ খ্রিঃ

সময় : বেলা ১১.০০ ঘটিকা

স্থান : এইচইডি, প্রধান কার্যালয়ের সভা কক্ষ।

| ক্রমিক নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | মোঃ আব্দুল হামিদ<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী | HED | [signature] 22/12 |
| ২। | মো: আনিসুর রহিম<br>উপ প্রধান স্থপতি (ভ:প্র:) | এইচ,ই,ডি<br>প্রধান কার্যালয় | [signature] 22.12.2022 |
| ৩। | মোঃ [illegible]<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>(পিডব্লিউ) | HED, H/Q. | [signature] 22/12/2022. |
| ৪। | মো: আব্দুল হামিদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌ: (রেজি) (চ: দা:) | এইচইডি<br>প্রধান কার্যালয় | [signature] 22/12/2022 |
| ৫। | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-৪৫.০২.০০০০.০১০.১৮.০০২.২২- ১৬৩৬৪ তারিখঃ ২১/১২/২০২২

## "সভার নোটিশ"

১। আগামী ২২/১২/২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) প্রধান কার্যালয়ের সভাকক্ষে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্টক্রমে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচিঃ
(১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর'২০২২ - ডিসেম্বর'২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
(২) বিবিধ।

২১/১২/২০২২
(মোঃ আব্দুল হামিদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি।

বিতরণ কার্যার্থেঃ

১। জনাব মোঃ আব্দুল হামিদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। জনাব মোঃ আনোয়ার হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। জনাব মোঃ আনিসুর রহিম, উপ-প্রধান স্থপতি (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি ঃ ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এবং লাইন ডাইরেক্টর (Physical Facilities Development) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
(তাঁকে সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো)